# আজ শিশু আছিয়া ধর্ষণ-হত্যা মামলায় হাইকোর্টের রায়



ছবি: সংগৃহীত

মাগুরার ৮ বছরের শিশু আছিয়া ধর্ষণ ও হত্যা মামলায় আসামি হিটু শেখের ডেথ রেফারেন্স ও আপিলের ওপর আজ সোমবার (৩১ আগস্ট) রায় ঘোষণা করবেন হাইকোর্ট।

বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী ও বিচারপতি কে এম রাশেদুজ্জামান রাজার সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রায় দেবেন। এর আগে গত ২৫ আগস্ট রায়ের তারিখ পিছিয়ে ৩১ আগস্ট নির্ধারণ করা হয়। গত ২৩ আগস্ট মামলাটির ডেথ রেফারেন্স ও আপিলের শুনানি শেষ হয়।

২০২৫ সালের মার্চে মাগুরার নিজনান্দুয়ালী গ্রামে বোনের শ্বশুরবাড়িতে বেড়াতে গিয়ে নির্যাতনের শিকার হয় শিশু আছিয়া। পরে চিকিৎসাধীন অবস্থায় ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে তার মৃত্যু হয়। এ ঘটনায় আছিয়ার মা বাদী হয়ে হিটু শেখসহ চারজনের বিরুদ্ধে মামলা করেন। পরে পুলিশ চার আসামিকেই গ্রেপ্তার করে।

ওই বছরের ১৩ এপ্রিল মামলাটির অভিযোগপত্র আদালতে জমা দেয় পুলিশ। ২৩ এপ্রিল আসামিদের বিরুদ্ধে অভিযোগ গঠনের মাধ্যমে বিচার শুরু হয়। এরপর ২৭ এপ্রিল সাক্ষ্যগ্রহণ শুরু হয়। মামলায় রাষ্ট্রপক্ষে মোট ২৯ জন সাক্ষ্য দেন।

LENS ASIA

মামলার বিচার শেষে মাগুরার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল প্রধান আসামি হিটু শেখকে মৃত্যুদণ্ড দেন। একই সঙ্গে তাকে এক লাখ টাকা জরিমানাও করা হয়। মামলার অপর তিন আসামিকে খালাস দেওয়া হয়।

ট্রাইব্যুনালের দেওয়া মৃত্যুদণ্ডের রায়ের পর হিটু শেখের ডেথ রেফারেন্স ও আপিল হাইকোর্টে আসে। এসবের ওপর শুনানি শেষে আজ রায় ঘোষণার দিন নির্ধারিত রয়েছে।